গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শালিখা, মাগুরা
www.shalikha.magura.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং- ০৫.৪৪.৫৫৮৫.০০০.০৯.০০১.২০-৯০৫ তারিখ ঃ ১৩.০২.২০২২ খ্রিঃ

## হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি-০১

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ২১ সেপ্টেম্বর ২০১১ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০ নং পত্রের মাধ্যমে জারীকৃত সরকারি হাট-বাজার ইজারা পদ্ধতি এবং ব্যবস্থাপনা সম্পর্কিত নীতিমালার আলোকে শালিখা উপজেলার বিভিন্ন ইউনিয়নে অবস্থিত নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪২৯ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্ত সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

### ইজারাযোগ্য হাট-বাজারের বিবরণী :

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | সরকারি ইজারা মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | সিংড়া হাট | ধনেশ্বরগাতী | ৭,৮৬,১৬৭/- | ২,২০০/- |
| ০২ | কালিতলা হাট | ঐ | ১,৯৩,৬২৭/- | ১,০০০/- |
| ০৩ | মান্দেপাড়া হাট | ঐ | ৯,৮৫৫/- | ৫০০/- |
| ০৪ | আমিয়ান হাট | ঐ | ৬,০৯৯/- | ৫০০/- |
| ০৫ | তালখড়ি হাট | তালখড়ি | ২,২৩,১৩০/- | ১,২০০/- |
| ০৬ | চতুরবাড়িয়া হাট | ঐ | ২,০৩,৯৩২/- | ১,২০০/- |
| ০৭ | নাঘোসা হাট | ঐ | ২০,৮০৮/- | ৫০০/- |
| ০৮ | ছান্দড়া হাট | ঐ | ৬৯২/- | ৫০০/- |
| ০৯ | দেলুয়াবাড়ি হাট | ঐ | ৪,৭১১/- | ৫০০/- |
| ১০ | আড়পাড়া হাট | আড়পাড়া | ২২,৩৯,৪২৭/- | ৫,২০০/- |
| ১১ | বরইচারা হাট | ঐ | ৪,৮৯৪/- | ৫০০/- |
| ১২ | সীমাখালী হাট | শতখালী | ৪৮,০৭,৮০৭/- | ১০,৪০০/- |
| ১৩ | কাতলী হাট | ঐ | ৫৭,৫৯৩/- | ৫০০/- |
| ১৪ | শতখালী পুরাতন হাট | ঐ | ১,৫১১/- | ৫০০/- |
| ১৫ | শতখালী নতুন হাট | ঐ | ২৫,৪২৬/- | ৫০০/- |
| ১৬ | হরিশপুর হাট | ঐ | ২৭,৩৮৩/- | ৫০০/- |
| ১৭ | শরুশুনা হাট | শালিখা | ২৯,২৫৪/- | ৫০০/- |
| ১৮ | হাজরাহাটি হাট | ঐ | ৪,৮৯,৩৬৭/- | ১,৬০০/- |
| ১৯ | বুনাগাতী হাট | বুনাগাতী | ৯,৮৭,৫৩৪/- | ২,৬০০/- |
| ২০ | বাউলিয়া হাট | ঐ | ৪,৯৭,৩১৭/- | ১,৬০০/- |
| ২১ | গঙ্গারামপুর হাট | গঙ্গারামপুর | ২,৩৮,১৮২/- | ১,২০০/- |
| ২২ | পুলুম হাট | ঐ | ৩,০৭,২৪৫/- | ১,৪০০/- |
| ২৩ | গড়ের হাট | ঐ | ১,৫৮,৭১৭/- | ১,০০০/- |

**দরপত্র ফরম প্রাপ্তির স্থান ঃ**

(ক) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা) মাগুরা (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শালিখা, মাগুরা
(গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, শালিখা, মাগুরা (ঘ) সোনালী ব্যাংক, শালিখা শাখা (ঙ) শালিখা থানা, মাগুরা।

**দরপত্র দাখিলের স্থান ঃ**

(ক) জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা (খ) পুলিশ সুপার, মাগুরার কার্যালয় (গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শালিখা, মাগুরা
(ঘ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, শালিখা, মাগুরা।

| দরপত্র নম্বর | দরপত্র ফরম ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম | ০৮.০৩.২০২২ তারিখ অফিস চলাকালিন | ০৯.০৩.২০২২ তারিখ দুপুর ১:০০ টা পর্যন্ত | ০৯.০৩.২০২২ তারিখ বেলা ৩:৩০ টা |
| ২য় | ১৫.০৩.২০২২ তারিখ অফিস চলাকালিন | ১৬.০৩.২০২২ তারিখ দুপুর ১:০০ টা পর্যন্ত | ১৬.০৩.২০২২ তারিখ বেলা ৩:৩০ টা |
| ৩য় | ২২.০৩.২০২২ তারিখ অফিস চলাকালিন | ২৩.০৩.২০২২ তারিখ দুপুর ১:০০ টা পর্যন্ত | ২৩.০৩.২০২২ তারিখ বেলা ৩:৩০ টা |

**দরপত্রের শর্তাবলী :**

১। বাংলা ১৪২৯ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১(এক) বছর মেয়াদের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফ্ট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরার অনুকূলে জমা প্রদান করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অবশিষ্ট টাকা (যদি থাকে) ইজারাদারকে ফেরত প্রদান করা হবে।

পরবর্তী পৃষ্ঠা-২ দ্রষ্টব্য

Scanned with CamScanner

৩। যে দরপত্র দাতার দর গৃহীত হবে তাকে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ এবং দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় দরপত্র আহবান করা হবে।

৪। এক হাট বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট বাজারের জন্য ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত হাট বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৫। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৬। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট টাঙ্গিয়ে প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৭। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৮। ইজারাদার কোন ক্রমেই হাট বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না।

৯। ইজারাদার সমুদয় অর্থ (ভ্যাট আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/= (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারাচুক্তি সম্পাদন করতে হবে।

১০। দুই বা ততোধিক দরপত্রদাতার দাখিলকৃত দর একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১১। ইজারাদার নিজ খরচে হাট বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১২। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৩। কোন প্রকার ঘষা-মাজা, কাটা-কাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৪। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দাখিলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৫। হাট বাজার ইজারার টাকা, ভ্যাট ও আয়কর নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধে ব্যর্থ হলে সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৬। ১ম বার বিক্রয় না হলে ২য় বার কার্যকর হবে, এভাবে ইজারা প্রক্রিয়া পর্যায়ক্রমে চলমান থাকবে।

১৭। দরপত্রের সাথে দরপত্র দাখিলকারীর জাতীয় পরিচয় পত্রের ফটোকপি দাখিল করতে হবে।

১৮। কর্তৃপক্ষ ইজারা সংক্রান্ত যে কোন শর্ত পরিবর্তন/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩-০২-২০২২


মোঃ তারিফ-উল-হাসান
উপজেলা নির্বাহী অফিসার
শালিখা, মাগুরা
ফোন-০২৪৭৭১২২০৩
ই-মেইল : unoshalikha@gmail.com


স্মারক নং-০৫.৪৪.৫৫৮৫.০০০.০৯.০০১.২২-১০৫/১ (৫০)

তারিখ : ১৩.০২.২০২২খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

০১। জেলা প্রশাসক, মাগুরা।
০২। পুলিশ সুপার, মাগুরা।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, মাগুরা।
০৪। সিভিল সার্জন, মাগুরা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শালিখা, মাগুরা।
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/(রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাগুরা।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেরা পরিষদ, শালিখা, মাগুরা।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

০৮। উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর/শ্রীপুর/মহম্মদপুর, মাগুরা।
০৯। সহকারী কমিশনার(ভূমি),শালিখা, মাগুরা।
১০। অফিসার ইনচার্জ, শালিখা থানা, মাগুরা।
১১। উপজেলা ..........................................অফিসার (সকল), শালিখা, মাগুরা।
১২। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ অধিদপ্তর, শালিখা, মাগুরা। ওয়েব সাইডে প্রকাশের জন্য।
১৩। চেয়ারম্যান,............................ ইউ/পি(সকল), শালিখা, মাগুরা। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,...................... ইউনিয়ন ভূমি অফিস(সকল), শালিখা, মাগুরা। তাকে তার আওতাধীন হাট/বাজার এবং পার্শ্ববর্তী জনসমাগম স্থানসমূহে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৫। জনাব..........................................পিং-..................................সাং-.......................... উপজেলা : শালিখা,জেলা: মাগুরা ইজারাদার (বাংলা ১৪২৮ সন)..............................হাট/বাজার, শালিখা, মাগুরা।
১৬। বিজ্ঞাপন কর্মকর্তা..........................................পত্রিকা। বিজ্ঞপ্তিটি ভিতরের পাতায় স্বল্প পরিসরে সরকারি ছুটির দিন বাদে ০১(এক) দিনের জন্য প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৭। অফিস নথি।

১৩-২-২০২২

উপজেলা নির্বাহী অফিসার
শালিখা, মাগুরা

Scanned with CamScanner